দৈনিক
ইনকিলাব

তারিখ 18 SEP 2007
পৃষ্ঠা ৩ কলাম ৩

# আদর্শ শিক্ষা নিশ্চিতের দাবীর মধ্য দিয়ে মহান শিক্ষা দিবস পালিত

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার :** স্বচ্ছতা, জবাবদিহিতা নিশ্চিত করে আদর্শ শিক্ষা নিশ্চিতকরণের দাবী নিয়ে গতকাল (সোমবার) পালিত হয়েছে মহান শিক্ষা দিবস। দিবসটি উপলক্ষে বিভিন্ন সংগঠনের উদ্যোগে শ্রদ্ধা জ্ঞাপন, আলোচনা সভাসহ নানা কর্মসূচীর আয়োজন করা হয়। ১৯৬২ সালে তৎকালীন পাকিস্তানী সামরিক শাসক আইয়ুব খানের চাপিয়ে দেয়া শরীফ কমিশনের ছাত্রস্বার্থ ও গণবিরোধী শিক্ষা নীতি প্রতিহত করতে তুমুল ছাত্র আন্দোলন শুরু হয়েছিল। আন্দোলনের এক পর্যায়ে ১৭ আগস্ট হাইকোর্ট মোড়ে ছাত্রদের মিছিলে পুলিশ গুলী চালায় আইয়ুব সরকারের পুলিশ। এতে মোস্তফা, বাবুল, ওয়াজীউল্লাহ শহীদ হন। তারপর থেকে বাংলাদেশের ছাত্র সমাজ প্রতিবছর এ দিনটিকে শিক্ষা দিবস হিসেবে পালন করে আসছে।



*ইনকিলাব : মহান শিক্ষা দিবস উপলক্ষে বিভিন্ন সংগঠন গতকাল শিক্ষা ভবনের সামনে অবস্থিত শহীদ বেদীতে ফুল দিয়ে শ্রদ্ধা জানায়*

শিক্ষা দিবসের ৫৫তম বার্ষিকী উপলক্ষে ছাত্র ইউনিয়ন সকালে হাইকোর্টের সামনে শহীদ বেদিতে শ্রদ্ধ নিবেদন করে। বিকালে 'শিক্ষা দিবসের তাৎপর্য ও বর্তমান শিক্ষা ব্যবস্থা' শীর্ষক আলোচনা সভার আয়োজন করা হয়। শিক্ষা দিবস উপলক্ষে জাসদ ছাত্রলীগের উদ্যোগে দুপুরে কর্নেল তাহের মিলনায়তেন এক আলোচনা সভার আয়োজন করা হয়। এরআগে সংগঠনের পক্ষ থেকে শহীদ বেদিতে পুষ্পস্তবক অর্পণ করে। শিক্ষা দিবস উপলক্ষে ছাত্র মৈত্রীর উদ্যোগে এক আলোচনা সভার আয়োজন করা হয়। ওয়ার্কার্স পার্টির সভাপতি রাশেদ খান মেনন এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।